

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ২৩, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৭ই অগ্রহায়ণ ১৪০৯/২১শে নভেম্বর ২০০২

এস,আর,ও নং ৩৩০-আইন/২০০২—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও ৩০১-আইন/২০০২, তারিখ ৪ নভেম্বর ২০০২ ইংরেজী মোতাবেক ২০ কার্তিক, ১৪০৯ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য বগুড়া জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনাতে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

(৪৮৪১)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা বগুড়া জেলার গাবতলী উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ৯ অক্টোবর ১৪০৯ বাংলা মোতাবেক ২৩ নভেম্বর, ২০০২ ইংরেজী তারিখ হইতে মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল ; এই মিউনিসিপ্যালিটি গাবতলী মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে,এল, নং	দাগ নং
(১)	গাবতলী	গাবতলী	১৪৩	১-৯৮০
(২)	গাবতলী	মেরু	১১৪	১-১৮৮৫
(৩)	গাবতলী	গোড়দহ	১১৫	১-১৫৪০
(৪)	গাবতলী	সোন্দাবাড়ী (আংশিক)	১০৯	৩৯০-১৩১১
(৫)	গাবতলী	উষ্ণুরখী (আংশিক)	১৪৪	১-৯৯, ২০১-৩২৫, ৫৯০-৯৯৫, ১০৫২-১২৫০
(৬)	গাবতলী	সরতাজ (আংশিক)	১১৩	১৬৮-৫৯০, ৬৮১, ১২৫১
(৭)	গাবতলী	বৈখান (আংশিক)	১১২	৪৪৪-৮০২
(৮)	গাবতলী	ক্ষিপ্রপেরী (আংশিক)	১৫৮	১-৩৪৫, ১০০৯-১১৯৬
(৯)	নারায়ামালা	নারায়ামালা (আংশিক)	১৪১	১৯৫-২৬৮, ৪৬৬-৪৭১, ৬০৩- ৮৬২
(১০)	নারায়ামালা	জয়ভোগা (আংশিক)	১৪২	১-৪৫২, ১২৫০-১৭৬৫
(১১)	নারায়ামালা	হামিদপুর (আংশিক)	১১৬	১৪৭৬-২২৯৬
(১২)	নারায়ামালা	চাকলা (আংশিক)	১১৭	৬৮৬-৬৮৯, ৭১৩-৭৩২, ৮৯৪, ৯১৩-৯৮৫, ১০৪৩-১১৬৬
(১৩)	নারায়ামালা	বাহাদুরপুর (আংশিক)	১৪০	৬০৮-৬৩৯, ১১৬১

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ফজলুল হক
যুগ্ম-সচিব (উঃ)।